



ভূমিকা

পরিবারগত ভাবে, সপ্তাহে একদিন একসঙ্গে দেখা করে, এই গুরুত্বপূর্ণ আত্মিক গঠনমূলক কার্যকলাপগুলি নিয়ে এক ঘণ্টা সময় আলোচনা করুন। একটি পোষ্টার তৈরি করে এমন একটি স্থানে লাগিয়ে রাখুন, যেখানে সহজেই দেখা যাবে এবং আমাদের মনে করিয়ে দেবে, এবং আমন্ত্রণও পাঠান। মা-বাবা হিসেবে সময় নিয়ে প্রার্থনা করুন এবং এই মুহূর্তটিকে স্মরণীয় করে রাখার জন্য পরিকল্পনা করুন।

প্রস্তাবিত অনুষ্ঠান

- ◆ অভ্যর্থনা ও খেলার সময় (১০ মিনিট)
- ◆ গান ও আরাধনা (৫ মিনিট)
- ◆ সাক্ষ্যদানের সময় (৫ মিনিট)
- ◆ নিযুক্ত শিশুদের দ্বারা কাহিনী বলার সময় (যদি প্রয়োজন হয়, ডিজিটাল দৃশ্যমান উপকরণ উপলব্ধ আছে, ১৫ মিনিট)
- ◆ আলোচনার সময় (১০ মিনিট)
- ◆ সাফল্য স্বীকৃতি, যদি কোনো থাকে (৫ মিনিট)
- ◆ প্রার্থনা করে শেষ করা (৫ মিনিট)

স্বাগত ও খেলা

সবাইকে স্বাগত জানান ও তাদের বলুন যে পরিবারের জন্য এই ক্লাবের সময়টি শুরু করতে পেরে আপনি খুব খুশি। আপনি যদি খেলার সময় রাখতে চান, তাহলে খেলার নিয়ম ও নির্দেশনা দিন এবং পরিবারের ক্লাবের সময়টিকে বজায় রাখার জন্য সময়ের উপর খেয়াল রাখুন।

সাক্ষ্য

একজন প্রাপ্তবয়স্ক হয়ে কখনও কখনও আপনাকে প্রথমে বলার প্রয়োজন হয়ে উঠবে, এবং যারা বলতে চায়, তাদের জন্য সুযোগ ছেড়ে দেবেন।

কাহিনী বলার সময়ঃ

আপনার শিশুরা মালাখি কিডস ক্লাব থেকে যে কাহিনীগুলি শিখেছে, এখন আপনি তাদের থেকে সেই কাহিনীগুলি শুনবেন। একটি বিশেষ মুহূর্ত যেখানে আপনি বুঝতে পারবেন যে মা-বাবা হিসেবে আপনার দায়িত্ব সন্তানদের খাওয়ানো, পোশাক পরিধান করানো এবং স্কুলে নিয়ে যাওয়ার চেয়েও অনেক বেশী। ঈশ্বর তাদেরকে আমাদের তত্ত্বাবধানে দিয়েছেন যাতে আমরা তাদের ঈশ্বরের সম্বন্ধে ও তাঁর অসীম প্রেম সম্পর্কে শিক্ষা দিতে পারি। এই সময়টি একটি দারুণ সুযোগ যখন আপনাদের সন্তানেরা ঈশ্বরের বাক্যকে পরিবারের লোকদের কাছে বলবে, এবং তাদের প্রজন্মের নেতা হওয়ার জন্য আত্মিক ভাবে তৈরি হবে।

গান ও আরাধনা

একসঙ্গে প্রশংসা করার জন্য আপনার পছন্দের একটি গান বেছে নিন ও কম্পিউটার থেকে গানের কথাগুলি দেখে দেখে গান করতে পারেন।



স্বীকৃতি

এটি যদি প্রথম পরিবারগত সভা হয়, তাহলে বিশেষ বিশেষ সাফল্যের জন্য পুরস্কারগুলি ঘোষণা করে দিন, যেমনঃ প্রেরণ করার কাহিনী বলা, একটি খেলার সময়ের প্রস্তুতি নেওয়া ও একসঙ্গে খেলা করা, অন্যান্য কোনো অংশগ্রহণ। (আপনি প্রত্যেক ২ অথবা ৩ মাস পর পর পুরস্কারের সুবিধা রাখতে পারেন।

আলোচনা

সপ্তাহের পাঠের মধ্যে আপনি অনেক প্রশ্ন খুঁজে পাবেন। পরিবারগত ভাবে শিক্ষার সময়গুলিকে আরও সমৃদ্ধশালী করে তোলার জন্য কথোপকথন করুন। আপনার পরিবারের প্রয়োজন হিসেবে আপনি অন্যান্য প্রশ্নও যুক্ত করতে পারেন।

প্রার্থনা করে শেষ করা

এই সময়ে পবিত্র আত্মার পরিচালনার প্রতি লক্ষ্য রাখুন এবং পরবর্তী দেখা করার সময়ের জন্য ঘোষণা করুন। প্রার্থনা করে শেষ করুন।